বিস্তারিত মূল্যায়ন

শিশু এবং কিশোরদের প্রয়োজন ও সবলতা

এবং সমন্বিত মূল্যায়ন পদ্ধতি

এটি সম্পূর্ণরূপে আপনার সম্বন্ধে

আপনি এখন মূল্যায়ন প্রক্রিয়ার কেন্দ্রস্থলে আছেন

শিশু এবং কিশোরদের প্রয়োজন ও সবলতা (CANS) এবং সমন্বিত মূল্যায়ন পদ্ধতি (CAS)

CANS ও CAS হল এমন মূল্যায়ন যা আপনার সবলতা, প্রয়োজন সংক্রান্ত তথ্য একত্রিত করে এবং পরিচর্যা ম্যানেজারকে আপনার জন্য উপযুক্ত পরিষেবা এবং সহায়তা সংক্রান্ত এমন একটি প্ল্যান তৈরি করতে সাহায্য করে। CANS শিশু ও তরুণদের জন্য তৈরি করা হয়েছে (17 বছর বয়স পর্যন্ত) এবং CAS হল প্রাপ্তবয়স্কদের জন্য (18 বছর বা তার বেশি)। CANS এবং CAS উভয়ই নিশ্চিত করে যে, পরিষেবা গ্রহণ করা ব্যক্তি পরিকল্পনা প্রক্রি ার কেন্দ্রবিন্দুতে থাকে।

CANS এবং CAS কীভাবে কাজ করে?

একজন প্রশিক্ষণপ্রাপ্ত মূল্যায়নকারী আপনার সাথে কথা বলবে এবং আপনি অন্যান্য সেই ব্যক্তিদের বেছে নেন যারা আপনার জীবন সম্বন্ধে সবথেকে ভাল জানেন: আপনার আগ্রহ, জীবনধারণের দক্ষতা, স্বাস্থ্য এবং আগে থেকে থাকা সহায়তা ব্যবস্থা। এই কথোপকথনের ে োকাস আপনার উপর, তবে যারা আপনাকে খুব ভালভাবে চেনেন তাদের ইনপুটও এর মধ্যে যোগ করা হতে পারে, যেমন আপনার সহায়তা চক্রের মধ্যে থাকা ব্যক্তি, পরিবারের সদস্য, বন্ধুবান্ধব এবং/অথবা আপনাকে আগেই সহায়তা প্রদান করেছেন এমন কোনও ব্যক্তি। আপনার বয়সের ভিত্তিতে CANS বা CAS সম্পূর্ণ করার জন্য প্র ে াজনী সবকিছু অন্তর্ভুক্ত করা নিশ্চিত করতে, মূল্যা নকারী আপনার অতীতের তথ্যও দেখবেন। এই তথ্য আপনার পরিচর্যা ম্যানেজারের কাছে উপলভ্য থাকবে, তিনি আপনার সাথে তথ্য শেয়ার করবেন।

সঠিক পরিষেবা পাওয়ার ক্ষেত্রে CANS বা CAS আমাকে কীভাবে সহায়তা করবে?

মূল্যায়ন চলাকালীন আপনি যে তথ্য প্রদান করেছেন তা পরিচর্যা ম্যানেজারকে এমন একটি লাইফ প্ল্যান তৈরি করতে সাহায্য করবে যা আপনার জন্য উপযুক্ত সহায়তার বিষয়ে আপনাকে জানাবে। গুরুত্বপূর্ণ হল যে, আপনার কী চাই এবং প্রয়োজন তা আপনি, আপনার পরিবার এবং সহায়তা কর্মী বর্ণনা করবেন যাতে পরিষেবা প্রদানকারী আপনাকে ও আপনার পরিবারকে উচ্চ গুণমানযুক্ত সহায়তা এবং পরিষেবা প্রদান করতে পারে।

আমি আগে থেকেই পরিষেবা নিতে থাকলে, আমাকে কী মূল্যায়ন করাতেই হবে?

OPWDD থেকে পরিষেবা নেওয়া ব্যক্তিদের CANS বা CAS সম্পূর্ণ করা থাকতে হবে। পরিষেবা যাতে আপনার চাহিদা ও আগ্রহের সাথে মেলে তা সুনিশ্চিত করতে মূল্যায়ন থেকে পাওয়া তথ্য ব্যবহার করা হবে।

আমি কীভাবে শুরু করব?

আপনার সাথে আলোচনা করার জন্য সম নির্ধারণ করতে মূল্যায়নকারী আপনাকে ফোন করবেন এবং পরিবারের সদস্যের মতো অন্যান্য যে ব্যক্তিকে আপনি আলোচনার মধ্যে রাখতে চান তাদের অন্তর্ভুক্ত করার জন্য আপনার পরিচর্যা ম্যানেজারকে বলবেন। আপনি যদি নতুন হন এবং আপনার কাছে পরিচর্যা ম্যানেজার না থাকলে, সব সঠিক ব্যক্তিদের সাক্ষাৎকার নেওয়া হয়েছে তা সুনিশ্চিত করতে মূল্যায়নকারী আপনার সাথে এবং আপনাকে সহায়তা করেন এমন ব্যক্তিদের সাথে কাজ করবেন।

আমি কীভাবে নিশ্চিত হব যে, CANS বা CAS আমার জন্য সঠিকভাবে কাজ করবে?

মেধাগত এবং/অথবা বিকাশ সংক্রান্ত অক্ষমতা আছে এমন ব্যক্তিদের ক্ষেত্রে ব্যবহার করার জন্য CANS এবং CAS পরীক্ষা এবং যাচাই করা হয়েছে। CANS নির্দিষ্টভাবে শিশু ও তরুণদের জন্য ডিজাইন করা হয়েছে এবং প্রাপ্তবয়স্কদের জন্য CAS ডিজাইন করা হয়েছে।

OPWDD-এর জন্য অন্যান্য যে মূল্যায়নগুলি প্রয়োজন সেগুলির কী হবে?

আপনাকে বিভিন্ন ধরনের মূল্যায়নে অংশগ্রহণ করতে বলা হতে পারে। আইন ও বিধিনিয়মের কারণে বেশি কিছু মূল্যায়ন প্রয়োজন এবং কয়েকটি হল পরিচর্যা ম্যানেজার দ্বারা ব্যবহৃত অতিরিক্ত পরিষেবা পরিকল্পনা করার সাধনী। পরিষেবা যাতে প্রত্যেক ব্যক্তির প্রয়োজন পূরণ করতে পারে তা সুনিশ্চিত করতে সবক্ষেত্র গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে। আপনি সম্মুখীন হতে পারেন এমন কিছু মূল্যা ন হল:

বিকাশ সংক্রান্ত অক্ষমতা প্রোফাইল – 2 (DDP-2)	প্রয়োজন	কার্যকর প্রয়োজন মূল্যায়ন হিসেবে ব্যবহার করা হয়েছে, ভবিষ্যতে CANS ও CAS দ্বারা প্রতিস্থাপিত করা হবে।

CAS/CANS	প্রয়োজন	কার্যকরী প্রয়োজন মূল্যায়ন হিসেবে ব্যবহার করা হয়েছে, ভবিষ্যতে DDP-2-কে প্রতিস্থাপিত করবে
IAM বা অন্যান্য CCO সাধনী	ঐচ্ছিক	লাইফ প্ল্যান তৈরি করার সাধনী হিসেবে ব্যক্তি-কেন্দ্রিক পরিকল্পনা করার ক্ষেত্রে ব্যবহার করা হয়েছে; পরিচর্যা ম্যানেজাররা IAM বা অন্য কোনও পরিকল্পনা সাধনী ব্যবহার করতে পারেন।
অভিযোজিত কার্যকরী মূল্যায়ন, মানসিক-সামাজিক মূল্যায়ন এবং নিদানিক বিষয় এবং/অথবা অনুরোধ করা পরিষেবা নির্দিষ্ট অন্যান্য মূল্যায়ন	অনুরোধ করা হয়েছে কিন্তু অনুরোধ করা বা পাওয়া পরিষেবার উপর নির্ভর করে	OPWDD পরিষেবা যোগ্যতা প্রদর্শন করার জন্য ব্যবহার করা হয়েছে

CANS/CAS মূল্যায়নের পরে কী হয়?

আপনার পরিচর্যা ম্যানেজার আপনার সাথে CANS রিপোর্ট বা CAS সারসংক্ষেপ শেয়ার করবেন এবং এই বিষয়ে কথা বলার জন্য আপনার সাথে দেখা করবেন।

আপনি এবং আপনাকে সহায়তা করেন এমন ব্যক্তি যা বলেন তা জানা গুরুত্বপূর্ণ ও লিখে রাখা হবে এবং আপনার লাইফ প্ল্যান তৈরি করতে বা প্রয়োজনীয় অন্যান্য ডকুমেন্ট আপডেট করতে এই তথ্য ব্যবহার করা হবে।

আপনি এবং/অথবা আপনাকে সহায়তা প্রদান করে এমন ব্যক্তির আপনার CANS রিপোর্ট বা CAS সারসংক্ষেপের বিষয়ে

কোনও প্রশ্ন থাকলে:

- আপনার পরিচর্যা ম্যানেজারকে জিজ্ঞাসা করুন। পরিচর্যা ম্যানেজার রিপোর্ট বা সারসংক্ষেপের ব্যাপারে করা প্রশ্নগুলির উত্তর দিতে পারেন।
- পরিচর্যা ম্যানেজার আপনার প্রশ্নের উত্তর না দিতে পারলে বা আপনার কোনও উদ্বেগ থাকলে, আপনার পরিচর্যা ম্যানেজার সেই প্রশ্নগুলি OPWDD-এর সাথে শেয়ার করতে পারেন।
- কথা বলার জন্য বা আপনার প্রশ্ন এবং/উদ্বেগের উত্তর দেওয়ার জন্য OPWDD আপনার পরিচর্যা ম্যানেজারের সাথে যোগাযোগ করবে।

বা

- আপনি (518) 473-7484 নম্বরে ফোন করে সরাসরি OPWDD-এর সাথে যোগাযোগ করতে পারবেন এবং আপনার নাম, যে ব্যক্তির মূল্যায়ন করা হয়েছে তার নাম, TABS আইডি (জানা থাকলে) এবং যোগাযোগের ে ান নম্বর দিতে পারবেন।
- OPWDD CANS/CAS টিমের সদস্য আপনার সাথে যোগাযোগ করবেন এবং আপনার প্রশ্নগুলির উত্তর দেওয়ার ক্ষেত্রে সহায়তা করবে।